গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০৮৩.০১৪.০৯.০০.১১.২০১৪-২৮৫

তারিখঃ ২১-০৭-২০১৫

বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৩-০৭-২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ০৬-০৮-২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

২১/০৭/২০১৫
(মোহাম্মদ আসাদুজ্জামান সরকার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। বিভাগ প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। বিভাগ প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। প্রধান, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৮। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৯। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
১৯। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৫। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি এর সভাপতিত্বে ২০১৪-১৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১৩-০৭-২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে উল্লেখ করা হলো।

২.০। আলোচনা

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৪-১৫ অর্থ বছরের আরএডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত ৭১টি প্রকল্পের অনুকূলে মোট ৮২৭৬.৮২ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৪৬৮৩.৮১ কোটি এবং প্রকল্প-সাহায্য ৩৫৯৩.০১ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে জুন, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮৩৩০.৮৬ কোটি টাকা যা মোট বরাদ্দের ১০০.৬৫%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৩৭৯১.৪০ কোটি টাকা (১০৫.৫২%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ৪৫৩৯.৪৬ কোটি টাকা (৯৬.৯২%)। ভৌত অগ্রগতি হয়েছে ১০০%। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ৯৯.৮৫% ও ৯৮%।

২.২। সভাপতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির শতভাগ বাস্তবায়নের জন্য সংস্থা, প্রকল্প পরিচালক এবং বিদ্যুৎ বিভাগ ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অভিনন্দন জানান। একই সাথে তিনি ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি বাস্তবায়নের জন্য এখন থেকেই ক্রয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি দিকনির্দেশানমুলক বক্তব্যে ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন এবং এর সাথে সামঞ্জস্যপূর্ণ বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের জরুরী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নেরে নির্দেশনা প্রদান করেন। তিনি ওজোপাডিকো, বৃহত্তর সিলেট এবং চট্টগ্রাম এলাকার বিদ্যুৎ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। একই সাথে বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নে কোম্পানিসমূহের নিজস্ব বিনিয়োগ সামর্থ্য বৃদ্ধির বিষয়েও সভাপতি গুরুত্বারোপ করেন।

২.৩। বিদ্যুৎ বিভাগের সচিব আলোচনায় অংশ নিয়ে বলেন যে, আগামী ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ বর্তমান ২০১৪-১৫ অর্থ বছরের তুলনায় দ্বিগুনের বেশী ১৬৪৮৫ কোটি টাকা । এই বিপুল পরিমাণ এডিপি বরাদ্দের যথাযথ ব্যয় নিশ্চিতকরণের জন্য আগামী ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়নের কাজ এখন থেকেই পুরোদমে শুরু করতে হবে। এজন্য কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুত কাজ শুরু করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সচিব মহোদয় প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রকল্প ব্যবস্থাপনা এবং ক্রয় কার্যক্রম/প্রক্রিয়ার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন।

চলমান পাতা-২

২.৪। সরকারি প্রতিষ্ঠান হিসেবে এবছর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সর্বোচ্চ মূসক প্রদানকারীর স্বীকৃতি পাওয়ায় সভায় আরইবিকে অভিনন্দন জানানো হয়।

৩.০। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
৩.১। আগামী ২০১৫-১৬ অর্থ বছরের উন্নয়ন কর্মসূচী অনুযায়ী টেন্ডার কার্যক্রম জরুরী ভিত্তিতে এখন থেকেই শুরু করতে হবে।	সকল বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প পরিচালক।
৩.২। সকল সংস্থাকে ডিএসএল এর অর্থ যথাসময়ে পরিশোধের ব্যবস্থা নিতে হবে এবং এ পর্যন্ত সংস্থাসমূহের নিকট পাওনা এবং ডিএসএল পরিশোধের বিবরণ নিয়মিতভাবে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল বাস্তবায়নকারী সংস্থা।
৩.৩। সকল সংস্থা/কোম্পানীকে ই-টেন্ডারিং কার্যক্রম শুরু করতে হবে এবং ই-টেন্ডারিং কার্যক্রমের অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণের উদ্দেশ্যে প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে	সকল বাস্তবায়নকারী সংস্থা।
৩.৪। সিলেট বিভাগে বিশেষ করে সিলেট শহরে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ডিপিপি প্রণয়নপূর্বক যথাশীঘ্রই বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	বিউবো, বিআরইবি ও পিজিসিবি
৩.৫। চট্টগ্রাম অঞ্চলের বিদ্যুৎ ব্যবস্থা উন্নয়নের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে।	বিউবো
৩.৬। ওজোপাডিকো এলাকায় সার্বিক বিদ্যুৎ ব্যবস্থা উন্নয়নের সমন্বিত কার্যক্রম গ্রহণের জন্য ডিপিপি প্রণয়নপূর্বক যথাশীঘ্রই বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	ওজোপাডিকো
৩.৭। সকল গ্রাহক-কে প্রি-পেমেন্ট মিটার প্রদানের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।	সকল বিতরণ সংস্থা।

৪.০। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী